কুষ্টিয়ায় ১৮৬টি ঘর হস্তান্তর করেছে প্রশাসন

কুষ্টিয়ার মিরপুর উপজেলার কোল সম্প্রদায়ের শান্তিবালার সংসার চলে বাঁশ ও বেঁতের কাজ করে। রেললাইনের ধারে খুপড়ি ঘরে তিন ছেলেমেয়ে, স্বামী ও তার বৃদ্ধা মাকে নিয়ে থাকতে হয় কোনরকমে।

মাঝে মাঝে রেললাইনের জায়গা উদ্ধার করার সময় মাথা গোঁজার ঠাঁই না থাকায় কখনওবা রেলস্টেশন, গাছতলা, কখনও বা অন্যের বাড়ির বারান্দায় থাকতে হয়।

আবেগে আপ্লুত হয়ে তিনি বলে উঠলেন, আমি কখনো ভাবিনি জীবনে পাকা ঘরে শুতে পারবো। প্রধানমন্ত্রী শেখ হাসিনার কল্যাণে আমি এখন সন্তানদের সাথে নিয়ে আমার বৃদ্ধা মাকে নিয়ে পাকা ঘরে বসবাস করছি। যেন সুখের রাজ্যে আমাদের বসবাস।

অল্প টাকায় ভাড়া বাড়িতে থাকতেন শামীমা খাতুন। তিনিও তার মেয়েকে নিয়ে উঠেছেন প্রধানমন্ত্রীর দেয়া উপহারের ঘরে। স্বপ্নে না ভাবলেও, বাস্তবে ঘর পেয়েছেন। তাই খুশীতে আত্মহারা তিনিও।

কুষ্টিয়ার বিদায়ী জেলা প্রশাসক মো: আসলাম হোসেন বলেন, যেসব মানুষের মাথা গোঁজার ঠাঁই ছিলোনা, তাদের পাকা ঘরের ব্যবস্থা করতে সক্ষম হয়েছে বর্তমান সরকার। এর মাধ্যমে ইতিহাসের সাক্ষী হয়ে থাকবে এই বাংলাদেশ। আর এসব কেবল সম্ভব হয়েছে প্রধানমন্ত্রী শেখ হাসিনার বুদ্ধিমত্তা ও দূরদর্শিতার কারণে।

জেলা প্রশাসক জানান, কুষ্টিয়া সদর উপজেলাসহ তিন উপজেলায় ১৮৬টি ঘরের চাবি ইতোমধ্যেই হস্তান্তর করা হয়েছে। আরো ১৮০টি ঘর নির্মাণের কাজ চলছে। পর্যায়ক্রমে আমাদের জেলার ৬টি উপজেলায় ৪ হাজার ৯৯৫টি ঘর নির্মাণ করা হবে। এই উদ্যোগ মাইলফলক হয়ে থাকবে বলেও মনে করেন তিনি।

কুষ্টিয়ার মিরপুরে সড়ক দুর্ঘটনায় মহিলার মৃত্যু

কুষ্টিয়ার মিরপুরে যাত্রীবাহী বাসের সাথে শ্যালোইঞ্জিন চালিত ট্রলির মুখোমুখী সংঘর্ষের পর ট্রলির ধাক্কায় ভানু খাতুন (৪৩) নামের এক নারীর মৃত্যু হয়েছে।

শনিবার দুপুরে কুষ্টিয়া-মেহেরপুর সড়কের মিরপুর উপজেলার ভাঙ্গাবটতলা নামক স্থানে এ দুর্ঘটনা ঘটে।

নিহত ভানু খাতুন মিরপুর পৌরসভা এলাকার মুন্তা আলীর স্ত্রী।

মিরপুর থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) গোলাম মোস্তফা জানান, দুপুরে মেহেরপুর থেকে কুষ্টিয়াগামী একটি যাত্রীবাহী বাস ভাঙ্গাবটতলা নামক স্থানে পৌঁছালে বিপরীত দিক থেকে আসা একটি শ্যালোইঞ্জিন চালিত ট্রলির মুখোমুখী সংঘর্ষ হয়।

এসময় শ্যালোইঞ্জিন চালিত ট্রলিটি রাস্তার পাশে উল্টে পড়ে। সেখানে দাঁড়ানো অবস্থায় ভানু খাতুনকে ট্রলি চাপা দিলে গুরুতর আহত হয়।

স্থানীয়রা তাকে উদ্ধার করে মিরপুর উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে নিয়ে গেলে কর্তব্যরত চিকিৎসক তাকে মৃত ঘোষণা করে।

তার মরদেহ উদ্ধার করে কুষ্টিয়া জেনারেল হাসপাতালে পাঠানোর প্রস্তুতি চলছে বলেও জানান তিনি।

কুষ্টিয়ার দৌলতপুর সীমান্তে কোটি টাকার মাদক উদ্ধার

কুষ্টিয়ার দৌলতপুর সীমান্তে কোটি টাকার মাদক উদ্ধার করেছে বর্ডার গার্ড বাংলাদেশ (বিজিবি)।

শুক্রবার রাত থেকে শনিবার সকাল পর্যন্ত দৌলতপুর সীমান্ত এলাকায় পৃথক অভিযানে এসব মাদক উদ্ধার করে বর্ডার গার্ড বাংলাদেশ (বিজিবি)।

উদ্ধার করা মাদকের মধ্যে হলো ৫‘শ গ্রাম হেরোইন, ১ হাজার ৪‘শ ৪৭ বোতল ফেনসিডিল, ৮‘শ ৭৫ বোতল মদ, ৫ হাজার ৪‘শ ৭৩ পিস্ ইয়াবা ট্যাবলেট এবং ৮ কেজি ৩‘শ গ্রাম গাঁজা।

উদ্ধার করা মাদকের মুল্য ৯৩ লাখ টাকা বলে বিজিবি সূত্র জানিয়েছে।

বর্ডার গার্ড বাংলাদেশ (বিজিবি) কুষ্টিয়া ৪৭ ব্যাটালিয়নের অধিনায়ক লে. কর্নেল ফরহাদ হারুন চৌধুরী জানান, শুক্রবার সন্ধ্যা থেকে শনিবার সকাল পর্যন্ত ভারত সীমান্ত সংলগ্ন বিজিবি‘র বিওপি ক্যাম্পের টহলরত সদস্যরা পৃথক পৃথক অভিযান চালিয়ে বিপুল পরিমাণ হেরোইন, ফেনসিডিল, ইয়াবা ট্যাবলেট,গাঁজা ও মদ উদ্ধার করেছে।

বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান তাঁতীদের জন্য কাজ করেছিলেন-আতাউর রহমান আতা

কুষ্টিয়া সদর উপজেলা পরিষদের চেয়ারম্যান ও শহর আওয়ামী লীগের সাধারণ সম্পাদক আতাউর রহমান আতা বলেছেন, বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান তাঁতীদের জন্য কাজ করেছিলেন। তাঁতীদের ভাগ্যোন্নয়নে তাঁতী সমিতি গঠন করেছিলো।

শুক্রবার বিকেলে কুষ্টিয়া সদর উপজেলার উজানগ্রাম আলিম মাদরাসা প্রাঙ্গণে তাঁতী সমাবেশে প্রধান অতিথির বক্তব্যে তিনি একথা বলেন।

তিনি বলেন, আওয়ামী লীগ সরকার মানুষের উন্নয়নে রাজনীতি করে। তাই যেখানে মানুষের ভাগ্যের উন্নয়ন হবে সরকার সেখানেই কাজ করবে। তাঁতী সম্প্রদায়ের জন্য কাজ করতে হবে। আর এই তাঁতের তৈরি কাপড়ের ঐতিহ্য ফিরিয়ে আনতে বাংলাদেশ আওয়ামী লীগের যুগ্ম সাধারণ সম্পাদক মাহবুব উল আলম হানিফ এমপির মাধ্যমে তাঁতীদের সর্বাত্মক সহায়তা

প্রদান করা হবে বলেও জানান তিনি। এছাড়াও এই কুষ্টিয়ার উন্নয়নে দলমত নির্বিশেষে আওয়ামী লীগের হাতকে শক্তিশালী করতে সকলকে ঐক্যবদ্ধ হওয়ার আহবান জানান তিনি।

বর্তমান সরকার উন্নয়নের সরকার উল্লেখ করে তিনি বলেন, মাটি ও মানুষের হাহাকার থেকে উদ্ধার করতেই বর্তমান প্রধানমন্ত্রী শেখ হাসিনা দেশের হাল ধরেছিলেন। তিনি এ দেশের উন্নয়নে কাজ করে যাচ্ছেন। যা বিগত আমলে কোন সরকার করেনি।

বিএনপি মানুষের সাথে ছলনাময়ী করেছে বলে উল্লেখ করে তিনি বলেন, গেলো পৌরসভার নির্বাচনে বিএনপি প্রার্থী কেউ মেয়র হতে পারেনি। জনগন তাদের কে ভোট দেয়নি। আওয়ামী লীগের নেতৃত্বকে সমর্থন দিয়ে যাচ্ছেন। এভাবেই এলাকার অসমাপ্ত উন্নয়ন কাজগুলো সম্পন্ন করা হবে বলেও জানান তিনি।

সমাবেশে প্রধান বক্তার বক্তব্যে বাংলাদেশ তাতীলীগের কেন্দ্রীয় কমিটির সহ-সভাপতি এ্যাড. নিজামুল হক চুন্নু বলেন, দেশের মধ্যে আধুনিক শহরে রুপান্তরিত হয়েছে এই কুষ্টিয়া। জেলার উন্নয়ন কর্মকান্ডগুলো যতদিন থাকবে ততদিনে ততদিন এই কুষ্টিয়ার উন্নয়নের রুপকার মাহবুব উল আলম হানিফ এমপি কে মনে রাখবে জেলাবাসী।

আদর্শের নেতা ছিলেন বঙ্গবন্ধু উল্লেখ করে তিনি বলেন, সোনার বাংলা গড়ে তোলার স্বপ্ন ছিলো বঙ্গবন্ধুর। তার মতো ক্ষণজন্মা পুরুষ যুগে যুগে ছিলো আছে এবং থাকবে। বাংলাদেশকে দমায়ে রাখার কোন সুযোগ নেই। রোল মডেলে পরিণত হয়েছে এই বাংলাদেশ। তাঁতী সম্প্রদায়ের হারানো সেই গৌরব ফিরিয়ে আনতে বর্তমান সরকার কাজ করছে বলেও জানান তিনি।

জেলা তাঁতী লীগের যুগ্ম সাধারণ সম্পাদক হাফিজুর রহমান হাফিজের সভাপতিত্বে বিশেষ অতিথি ছিলেন কুষ্টিয়া জেলা তাঁতী লীগের সভাপতি রুহুল আমিন, সাধারণ সম্পাদক হারুন অর রশীদ, সিনিয়র সহসভাপতি সরোয়ার হোসেন, যুগ্ম সাধারণ সম্পাদক মোঃ বিপুল হোসেন,

সদর উপজেলা তাঁতী লীগের আহবায়ক আক্কাস আলী, জেলা পরিষদের সদস্য অধ্যাপক এমএ মজিদ, জেলা ছাত্র লীগের সভাপতি আতিকুর রহমান অনিক, উজানগ্রাম ইউনিয়ন আওয়ামী লীগের সভাপতি ছানোয়ার হোসেন মোল্লা, সাধারণ সম্পাদক আবু বক্কর সিদ্দিক, উজানগ্রাম আলিয়া মাদ্রাসার অধ্যক্ষ আব্দুর রহমান প্রমুখ।

সমাবেশে তাতীলীগ, ছাত্র লীগ ও আওয়ামী লীগের অঙ্গসংগঠনের নেতৃবৃন্দ ও তাতী সম্প্রদায়ের মানুষজন উপস্থিত ছিলেন।
এরআগে অতিথিদের ফুলেল শুভেচ্ছা জানিয়ে বরণ করে নেয় তাঁতীলীগ নেতৃবৃন্দ।

লবনাক্ততা কমিয়ে পানির প্রবাহ বাড়াচ্ছে গড়াই নদী প্রকল্প-প্রতিমন্ত্রী

‘লবনাক্ততা কমিয়ে পানির প্রবাহ বাড়াচ্ছে গড়াই নদী প্রকল্প। গড়াই নদীর স্বাভাবিক প্রবাহ ফিরিয়ে আনতে কাজ করছে আওয়ামী সরকার। প্রধানমন্ত্রীর নির্দেশনা হলো নদী শাসন করে জমি পুনরুদ্ধার করা। এখানে ড্রেজিং করে প্রায় ১৭ বর্গকিমি জমি পুনরুদ্ধার করা হয়েছে। যাতে ফসল করতে পারি, ফ্ল্যাড প্লেইন রাখতে পারি, শিল্পকারখানাসহ বিনোদন কেন্দ্র করতে পারি।’

গতকাল বৃহস্পতিবার (৪ ফেব্রুয়ারি) কুষ্টিয়া সদরের মহানগরটেকে চলমান ‘গড়াই নদী ড্রেজিং ও তীর সংরক্ষণ’ প্রকল্প পরিদর্শনকালে পানি সম্পদ মন্ত্রণালয়ের প্রতিমন্ত্রী কর্নেল (অব.) জাহিদ ফারুক এসব কথা বলেন। এ সময় তিনি বৃক্ষরোপণ কার্মসূচির উদ্বোধন করেন।

সাংবাদিকের এক প্রশ্নের জবাবে প্রতিমন্ত্রী জাহিদ ফারুক বলেন, বাংলাদেশের কোথায় দুর্নীতি হয় না! এখন সব জায়গায় দুর্নীতি আছে। দুর্নীতি হলো এক ধরণের সামাজিক ব্যাধি। তবে প্রধানমন্ত্রী শেখ হাসিনা দুর্নীতি কমাতে চেষ্টা করে যাচ্ছেন। প্রধানমন্ত্রী দুর্নীতির ব্যাপারে জিরো টলারেন্স নীতি ঘোষণা করেছেন।

তিনি সাংবাদিকদের সমালোচনা করে বলেন, আপনারা যদি কাজ শুরুর আগেই সব জায়গায় দুর্নীতি খুঁজে বেড়ান তাহলে কি করে চলবে? আপনারা আমাদের সহযোগিতা করেন তাহলে আমার দুর্নীতি নির্মূল করতে পারব।

প্রতিমন্ত্রী আরও বলেন, সুনামগঞ্জে কাজ শুরু হতে বিলম্ব হয় পানি

না কমার জন্য। পানি না কমলে পিআইসি কমিটি হয় না। দুর্নীতিমুক্ত কাজের মান নিশ্চিতকল্পে সরেজমিনে কাজ পরিদর্শন করতে আসি।

প্রসঙ্গত, ৪৫.২৫ কিমি ড্রেজিং এর লক্ষ্যে সরকারী অর্থায়নে চলমান প্রকল্পটির সমাপ্তকাল জুন-২০২২। নদীর উৎসমুখ হতে ১৩ কি:মি: পর্যন্ত চলা জরিপ মতে এখানে বছরে প্রায় ৭০ লাখ ঘনমিটার পলি জমে।

পানি উন্নয়ন বোর্ডের নিজস্ব ৭ টি ড্রেজার দ্বারা প্রতিদিন প্রায় ৬০ হাজার ঘনমিটার পলি/সিল্ট ড্রেজিং হচ্ছে। বাড়াচ্ছে নাব্যতা, বৃদ্ধি পাচ্ছে পানি প্রবাহ ও সুবিধা পাচ্ছে কৃষিব্যবস্থা।

এ সময় উপস্থিত ছিলেন, পানি সম্পদ মন্ত্রণালয়ের অতিরিক্ত সচিব (উন্নয়ন) রোকন উদ দৌলা, পানি উন্নয়ন বোর্ডের অতিরিক্ত মহাপরিচালক ড.মো. মিজানুর রহমান, প্রধান প্রকৌশলী (ফরিদপুর জোন) আব্দুল হেকিম, প্রধান প্রকৌশলী (ড্রেজার) আব্দুল ওয়াহাব, প্রকল্প পরিচালক মো. মনিরুজ্জামানসহ জেলা পানি উন্নয়ন বোর্ডের কর্মকর্তাবৃন্দ।

কুষ্টিয়া ডিসি অফিস ঘেরাও করলেন ইটভাটা শ্রমিকরা

নানা অজুহাতে ভ্রাম্যমাণ আদালতের অভিযান চালিয়ে বিপুল পরিমাণে জরিমানা আদায় করা সহ ইটভাটা ভেঙ্গে গুড়িয়ে দেওয়ার প্রতিবাদে ইটভাটা মালিক ও শ্রমিকরা কুষ্টিয়া জেলা প্রশাসকের কার্যালয় ঘেরাও করেছে।

বৃহস্পতিবার সকাল ১১ টা থেকে জেলা প্রশাসকের কার্যালয় ঘেরাও করে। এসময় স্লোগানে স্লোগানে উত্তাল হয়ে ওঠে গোটা কার্যালয় চত্বর

কুষ্টিয়া ইট প্রস্তুতকারক মালিক সমিতির সভাপতি হাজী আক্তারুজ্জামান মিঠুসহ সমিতির নেতৃবৃন্দ ও বিভিন্ন ইটভাটা মালিক এসময় বক্তব্য রাখেন।

হাজী আক্তারুজ্জামান মিঠু বলেন, দেশের উন্নয়নের চাকা সচল করতে

সড়ক ও মহাসড়ের নির্মান কাজের জন্য ভাটা থেকে ইট সংগ্রহ করে সে গুলো মেরামত ও রক্ষনাবেক্ষন করা হয়। শুধু তাই নয়, ইটভাটাগুলো এভাবে একেরপর এক বন্ধ হয়ে গেলে, মানুষের বাড়ী-ঘর, মসজিদ, মাদ্রসা, শিক্ষাপ্রতিষ্টানসহ গ্রামীন উন্নয়ন সম্পূর্ণ রুপে বাধাগ্রস্থ হবে। শুধু তাই নয়, বর্তমানে ইটভাটাগুলি বন্ধ হয়ে গেলে দেশের অবকাঠামো উন্নয়নও ব্যহত হবে।

তিনি আরও বলেন, আমরা ইটভাটা মালিক ভাটা বন্ধ করে দেবো। কিন্তু লাখ লাখ শ্রমিকের কাজ বন্ধ হবে। তাদের কি হবে। বিষয়টি জেলা প্রশাসকের মাধ্যমে প্রধানমন্ত্রীর কাছে আবেদন জানায়। আবার যদি ইটভাটায় ভ্রাম্যমাণ আদালতে জরিমানা আদায় করা হয় তাহলে আগামী ৯ ফেব্রুয়ারির পর অনির্দিষ্টকালীন সময় পর্যন্ত জেলার সকল ইটভাটা মালিকগণ ইট বিক্রিয় ও সরবরাহ বন্ধ করে দেওয়া হবে।

বিগত ২০১৩ সালে পরিবেশ অধিদপ্তর কর্তৃক সংশোধিত আইন এর ৮(ঙ) ধারা পরিবর্তন করা হয়। এতে আইনি জটিলতা সৃষ্টি হয়। এতে ভাটার মালিকগণ চরম ক্ষতিগ্রস্থ হয় কারন তারা আর নিবন্ধন করতে পারে না। আগামী ২০২৫ সাল পর্যন্ত এসব ইটভাটা চালুর দাবীও জানানো হয়।

মিরপুর উপজেলা ইট প্রস্তুত সমিতির আরেক সদস্য জানান, আমি ইটভাটায় পোড়ায় মিস্ত্রি হিসেবে কাজ করি। ইটভাটা বন্ধ থাকলে কিভাবে সংসার চালাবো। ছেলেমেয়ে মানুষ করবো। তাই ইটভাটায় এতো বেশি মোবাইল কোর্ট না করার অনুরোধ করছি।

এদিকে প্রায় দশ হাজার শ্রমিকের জেলা প্রশাসকের কার্যালয় ঘেরাও কর্মসুচীতে কুষ্টিয়া শহরের মজমপুর গেট এলাকা থেকে চৌড়হাস পর্যন্ত সড়ক অবরোধ করে রাখে। ফলে যানবাহন চলাচল বন্ধ হয়ে যায়। বিপাকে পড়েন যাত্রীসাধারনরা।

মিরপুর পৌরসভার সাবেক মেয়র

ফারুক চৌধুরী আর নেই

কুষ্টিয়ার মিরপুর উপজেলা বিএনপির সাবেক সভাপতি ও মিরপুর পৌরসভার প্রথম দুইবারের নির্বাচিত মেয়র, সাইফুল হক খান ফারুক চৌধুরী ইন্তেকাল করেছেন (ইন্না-লিল্লাহ রাজেউন)।

বৃহস্পতিবার ভোরে পৌনে ৫ টার সময় ঢাকাস্থ সোহরাওয়ার্দী মেডিকেল কলেজ হাসপাতালে চিকিৎসাধীন অবস্থায় তার মৃত্যু হয়।

তিনি বেশ কিছুদিন ধরে নানান জটিল রোগে ভুগছিলেন।

ফারুক চৌধুরী মিরপুর উপজেলার হরিতলা গ্রামের মৃত সিরাজুল হক খান চৌধুরীর ছেলে।

আজ বাদ আসর মিরপুর পাইলট মাধ্যমিক বিদ্যালয় মাঠে মরহুমের জানাযা নামাজ শেষে পারিবারিক কবরস্থানে দাফন সম্পন্ন হবে বলে জানিয়েছেন তার পরিবারের সদস্যরা।

প্রসঙ্গত, ১৯৯৯ সালে মিরপুর পৌরসভা ঘোষণা হলে ফারুক চৌধুরী মেয়র নির্বাচিত হন। পরে ২০০৪ সালেও তিনি পৌরসভার মেয়র নির্বাচিত হন। এছাড়াও তিনি উপজেলা বিএনপির সভাপতি হিসেবে দায়িত্ব পালন করেছেন।

দ্বৈত ভোটার হওয়ার চেষ্টা: যুবক আটক

কুষ্টিয়ার মিরপুরে তথ্য গোপন করে দ্বৈত ভোটার হওয়ার অপরাধে মিলন হোসেন (২৪) নামের এক যুবককে আটক করেছে।

গতকাল বুধবার (৩ ফেব্রুয়ারি) সকালে উপজেলা নির্বাচন অফিসারের কার্যালয় থেকে তাকে আটক করা হয়।

আটককৃত মিলন হোসেন মিরপুর উপজেলার ছাতিয়ান ইউনিয়নের পয়ারী

গ্রামের ফজলুল হকের ছেলে।

গতকার বুধবার (৩ ফেব্রুয়ারি) সকালে উপজেলা নির্বাচন অফিসারের কার্যালয়ে রিভাইজিং অথরিটির শুনানীতে নতুন ভোটার হিসেবে অন্তভুক্তির জন্য শুনানী অনুষ্ঠিত হয়।

যাচাই-বাছাইকালে তিনি ইতোপূর্বে ভোটার হন নাই মর্মে একটি অঙ্গীকারনামাও দাখিল করেন। রিভাইজিং অথরিটি কর্তৃক আবেদনটি গৃহীত হলে তিনি নতুন ভোটার হিসেবে ছবি তোলেন। পরে বিষয়টি সন্দেহ হলে সার্ভারে পুনঃযাচাইকালে তার দ্বৈত ভোটার প্রমাণিত হয়। পরে তাকে পুলিশে সোপর্দ করা হয়।

এ ব্যাপারে উপজেলা নির্বাচন কর্মকর্তা দোলন কান্তি চক্রবর্তী ভোটার তালিকা আইনে স্থানীয় থানায় একটি মামলা দায়ের করেন।

সিনিয়র জেলা নির্বাচন কর্মকর্তা আনিসুর রহমান ঘটনার সত্যতা নিশ্চিত করেছেন।

জনসচেতনতা গড়তে কুষ্টিয়ায় পরিবহনে ধূমপানমুক্ত স্টিকার ক্যাম্পেইন

জনসচেতনতা গড়তে কুষ্টিয়ায় বিভিন্ন পরিবহনে ধূমপানমুক্ত স্টিকার ক্যাম্পেইন অনুষ্ঠিত হয়েছে।

গতকাল বুধবার সকালে কুষ্টিয়া শহরের মজমপুর ও চৌড়হাস এলাকায় এ ক্যাম্পেইন অনুষ্ঠিত হয়।

সাফ নামক একটি তামাক বিরোধী সংগঠন এ কর্মসূচির আয়োজন করে।

জেলা তামাক নিয়ন্ত্রণ টাস্কফোর্স কমিটির সদস্য ও সাফ’র নির্বাহী পরিচালক মীর আব্দুর রাজ্জাক, বিআরটি কুষ্টিয়ার সহকারী রাজস্ব কর্মকর্তা মো: নাহিদুজ্জামান, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর

কুষ্টিয়ার ইন্সপেক্টর মো: বেলাল হোসেন, রাজধানী এক্সপ্রেসের সত্ত্বাধিকারী হাজী মো: নূরুজ্জামান, মিনিবাস মালিক সমিতির সিনিয়র সহ-সভাপতি হাজী নওশের আলী, পরিবহন ম্যানেজার তুহিন আলম ও শ্রমিক ইউনিয়নের সদস্য মারফত আলীসহ সংশ্লিষ্টরা উপস্থিত ছিলেন।

সাফ’র নির্বাহী পরিচালক মীর আব্দুর রাজ্জাক বলেন, ধূমপান সর্বনাশা নেশা। আর এই ধূমপান হচ্ছে মাদকে প্রবেশের প্রথম ধাপ। তাই নতুন প্রজন্মকে তামাকপণ্যের ভয়াল থাবা থেকে আগে রক্ষা করতে হবে। আমরা বিভিন্ন শিক্ষাপ্রতিষ্ঠানসহ পাবলিক প্লেসে ধূমপান নিরোধে বিভিন্ন ক্যাম্পেইন করে থাকি।

এছাড়াও শহরের পাবলিক প্লেসে ধূমপান ও তামাকজাত দ্রব্য ব্যবহার (নিয়ন্ত্রণ) আইন বাস্তবায়নের প্রয়োজনীয় উদ্যোগের অংশ হিসেবে আমাদের কার্যক্রম অব্যাহত রেখেছি।

জনসচেতনতা গড়তে পরিবহনগুলোতে ধূমপানমুক্ত স্টিকার ক্যাম্পেইনের মাধ্যমেক কিছুটা হলেও জনসচেতনতা গড়ে তুলতে কাজে আসবে বলেও জানান তিনি।

পরে বিভিন্ন পরিবহনে স্টিকার ধূমপানমুক্ত স্টিকার ধাগানোসহ চালক, হেলপার ও যাত্রীদের মাঝে বিনামূল্যে মাস্ক বিতরণ করা হয়।

কুমারখালীতে ঢাকা ম্যারাথন উপলক্ষে প্রস্তুতিমুলক সভা

কুষ্টিয়ার কুমারখালীতে বঙ্গবন্ধু শেখ মুজিব ঢাকা ম্যারাথন -২১ উপলক্ষে প্রস্তুতিমুলক সভা অনুষ্ঠিত হয়েছে।

বুধবার দুপুরে উপজেলা পরিষদ সভাকক্ষে এই সভা অনুষ্ঠিত হয়।

উপজেলা প্রশাসনের আয়োজনে উপজেলা নির্বাহী অফিসার রাজিবুল ইসলাম খানের সভাপতিত্বে অনুষ্ঠানে প্রধান অতিথি ছিলেন উপজেলা আওয়ামীলীগের সাধারণ সম্পাদক ও পৌরমেয়র মো. সামছুজ্জামান অরুন।

এছাড়া উপজেলা পরিষদ মহিলা ভাইস চেয়ারম্যান মেরিনা আক্তার মিনা, উপজেলা সহকারী কমিশনার (ভূমি) এমএ মুহাইমিন আল জিহান প্রমুখ উপস্থিত ছিলেন।

উপজেলা পর্যায়ে মোট ১ হাজার যেকোন বয়সী দৌড়বিদ ম্যারাথন প্রতিযোগিতায় অংশ নিতে পারবেন।

১০ ফেব্রুয়ারী অনুষ্ঠিতব্য ৫ কিলোমিটার দৌড় প্রতিযোগিতায় বিজয়ীদের উপজেলা প্রশাসনের পক্ষ থেকে পুরস্কৃত করা হবে।